

প্রেস রিলিজ  
১৬ ডিসেম্বর ২০২৪

## বাউবিতে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে আজ ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ সোমবার বিভিন্ন কর্মসূচি পালিত হয়।



মহান বিজয় দিবসে মুক্তিযুদ্ধে আত্ম-উৎসর্গকারী সকল বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম এর নেতৃত্বে সকাল ৮:০০ টায় সভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস, রেজিস্ট্রার, ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মসূচির অংশ হিসেবে এ দিনে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ভোর ৬:৩০ টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করা হয়।

এছাড়াও যোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। সারা দেশজুড়ে বিস্তৃত বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে ব্যানার প্রদর্শনসহ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮